

উপজেলা সমবায় কার্যালয়, গজারিয়া, মুন্সিগঞ্জ এর স্ব-কর্মসংস্থান বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।

১। উপজেলা সমবায় কার্যালয়, গজারিয়া, মুন্সিগঞ্জ এর আয়োজনে এবং জেলা সমবায় কার্যালয়, মুন্সিগঞ্জ এর ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিটের বাস্তবায়নে ৫টি সমবায় সমিতির প্রতিটি সমিতি হতে ৫ জন করে মোট ২৫ (পঁচিশ) জনকে ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান করা হয়। ২০২১-২০২২ অর্থ বছরে গজারিয়া উপজেলায় এরূপ ২টি প্রশিক্ষণ প্রদান করা হয়।

প্রতিটি প্রশিক্ষণে উপজেলা সমবায় অফিসার, গজারিয়া, মুন্সিগঞ্জ মহোদয় উপস্থাপনা সহ সমবায় আইন ও বিধিমালা সম্পর্কে আলোচনা ও দিক নির্দেশনা প্রদান করেন।

অধিতি বক্তা

১। জেলা সমবায় অফিসার, মুন্সিগঞ্জ মহোদয় কিভাবে শেয়ার, সঞ্চয় আমানত বৃদ্ধি করা যায় এবং সমিতির বার্ষিক সাধারণ সভা ও নির্বাচন নিয়ে আলোচনা করেন।

২। উপজেলা কৃষি কর্মকর্তা, গজারিয়া, মুন্সিগঞ্জ সমবায় সমিতির মাধ্যমে কিভাবে কৃষি উৎপাদন বৃদ্ধি করা যায় এবং নিজ অফিস থেকে কি ধরনের সেবা পাওয়া যায় তা সদস্যদের মাঝে তুলে ধরেন।

৩। উপজেলা মৎস্য কর্মকর্তা, গজারিয়া, মুন্সিগঞ্জ সমবায় সমিতির সদস্যদের সমবায়ের মাধ্যমে মাছ চাষ করে সাবলম্বি হওয়ার বিষয়ে মূল্যবান বক্তব্য রাখেন এবং নিজ অফিস হতে কি সেবা পাওয়া যায় তা তুলে ধরেন।

প্রশিক্ষণলব্ধ জ্ঞান সমবায়ীগণ তাদের বাস্তব জীবনে কাজে লাগাবার জন্য জেলা সমবায় কার্যালয়, মুন্সিগঞ্জ এর ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিটের প্রশিক্ষক তাদের বিশেষভাবে অনুরোধ জানান।